টডিক্স (ভেট) বোলাস
Todix (Vet) Bolus
(Metronidazole BP)

কার্যকরী উপাদানঃ
প্রতিটি বোলাসে রয়েছে-
মেট্রোনিডাজল বিপি ২.০০ গ্রাম

বিবরণঃ মেট্রোনিডাজল হল এন্টিব্যাকটেরিয়াল ঔষধের ইমিডাজল শ্রেণির সদস্য এবং থেরাপিউটিকভাবে এন্টিপ্রোটোজোয়াল এজেন্ট হিসাবে শ্রেণিভূক্ত।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ অ্যানেরোব বিপাকীয় প্রক্রিয়ার মাধ্যমে মেট্রোনিডাজলের ৫-নাইট্রো গ্রুপ হ্রাস পায়। গবেষণায় দেখা গেছে এই ঔষধের হ্রাসকৃত ফর্ম ব্যাকটেরিয়ার ডিএনএ-এর সাথে মিথষ্ক্রিয়া করে এবং এইভাবে মেট্রোনিডাজল এন্টিব্যাকটেরিয়াল কার্যকারিতা প্রদর্শন করে।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ
- এমিবিয়া দ্বারা সৃষ্ট আমাশয়, বাছুরের সাদা উদারাময় এবং মাড়ির প্রদাহের চিকিৎসায় ব্যবহার্য।
- মেট্রাইটিস, এন্ডোমেট্রাইটিস, ভ্যাজাইনাইটিস, ট্রাইকোমোনিয়াসিস, জিয়ারডিয়াসিস, ব্যালান্টিডিয়াসিস রোগের চিকিৎসায় ব্যবহার্য।
- কোলন অপরেশনের পর এবং আন্ত্রিক প্রদাহের চিকিৎসায় ব্যবহার্য।
- **হাঁস-মুরগির ক্ষেত্রেঃ** হিস্টোমোনিয়াসিস, জিয়ারডিয়াসিস, ট্রাইকোমোনিয়াসিস ইত্যাদি রোগের চিকিৎসায় ব্যবহার্য।

মাত্রা ও প্রয়োগ বিধিঃ
গবাদি প্রাণির ক্ষেত্রেঃ
মুখেঃ ৪০-৫০ মি.গ্রা. প্রতি কেজি দৈহিক ওজনের জন্য অর্থাৎ ১টি বোলাস ৪০-৫০ কেজি দৈহিক ওজনের জন্য ৫-৭ দিন খাওয়াতে হবে।
জরায়ুতেঃ প্রতি ১০০ কেজি দৈহিক ওজনের জন্য ৪ টি বোলাস সরাসরি অথবা পাউডার করে পরিশ্রুত পানির সাথে মিশিয়ে জরায়ুতে প্রবেশ করাতে হবে ।
হাঁস-মুরগির ক্ষেত্রেঃ ১টি বোলাস ৩-৬ লিটার খাবার পানির সাথে মিশিয়ে এই হিসাবে ৪-৫ দিন খাওয়াতে হবে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ মেট্রোনিডাজল এর প্রতি অতিসংবেদনশীল প্রাণিদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

সতর্কতাঃ লিভার ও কিডনী রোগে আক্রান্ত প্রাণিদের ক্ষেত্রে মেট্রোনিডাজল ব্যবহারে সাবধানতা অবলম্বন করা উচিত।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ সাধারণত লালাঝরা, বমি বমি ভাব, খাদ্যে অরুচি পাকস্থলীর গন্ডগোল ইত্যাদি হতে পারে।

গর্ভবতী ও দুগ্ধদানকারী প্রাণিতে ব্যবহারঃ গর্ভাবস্থার প্রথম তিন মাস এবং দুগ্ধদানকারী প্রাণিদের ক্ষেত্রে **টোডিক্স (ভেট)** বোলাস ব্যবহার করা উচিত নয়।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ পর্যাপ্ত তথ্য পাওয়া যায়নি।

মাত্রাধিক্যতাঃ অতিরিক্ত মাত্রায় প্রয়োগে স্নায়ুবিক বিষন্নতা, অ্যাটাক্সিয়া, হেপাটিক সমস্যা দেখা দিতে পারে।

প্রত্যাহার কালঃ মাংস ঃ ০৭ দিন। ডিম ঃ প্রযোজ্য নহে।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০°সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ৫X৪ এবং ১০X৪ বোলাস/বক্সে সরবরাহ করা হয়।



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com